দৈনিক সংবাদ 42

তারিখ ... 14 MAR 1990
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১

ঢাকা বিশ্ববিদ্যালয়

# আইন শৃংখলা পরিস্থিতি উন্নয়নে উচ্চ পর্যায়ের কমিটি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে বহিরাগতদের প্রবেশ নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে বিভিন্ন ব্যবস্থার সুপারিশ

(শেষ পৃ: ২-এর ক: দেখুন)

## আইন শৃংখলা পরিস্থিতি

(১ম পাতার পর)

প্রণয়নের জন্য সরকার গত সোমবার ৫ সদস্যের একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছে।

স্বরাষ্ট্রমন্ত্রী মাহমুদুল হাসানের সভাপতিত্বে সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন-শৃংখলা পরিস্থিতি সম্পর্কে উচ্চপর্যায়ের সভায় এই কমিটি গঠিত হয়।

শিক্ষামন্ত্রী শেখ শহিদুল ইসলাম, স্বরাষ্ট্র সচিব আজিমউদ্দিন আহমেদ, পুলিশের ইন্সপেক্টর জেনারেল তৈয়বউদ্দিন আহমেদ, ঢাকা মেট্রোপলিটন পুলিশের কমিশনার এ এম এম নসরুল্লাহ খান, পুলিশের স্পেশাল ব্রাঞ্চের অতিরিক্ত ইন্সপেক্টর জেনারেল এইচ এম বি জামান এবং শিক্ষা ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র কর্মকর্তারা এই সভায় উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় সংক্রান্ত এই উচ্চ পর্যায়ের কমিটির প্রধান হচ্ছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (রাজনৈতিক) এবং কমিটিকে ৭ দিনের মধ্যে সুপারিশমালা জমা দিতে বলা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নের জন্য রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের নির্দেশে জরুরী ভিত্তিতে সোমবারের বৈঠক ডাকা হয়। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ে শিক্ষার অনুকূল পরিবেশ ফিরিয়ে আনার স্বার্থে ঐ সভা রাজনৈতিক দলসমূহ, ছাত্র, শিক্ষক, অভিভাবক ও সর্বস্তরের জনগণের প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গৌরব পুনরুদ্ধারে সরকারের সঙ্গে সহযোগিতার আহ্বান জানায়।